

বৈনিক সংবাদ

১৬/১২/০৩

তারিখ ... ..
পৃষ্ঠা: ১০ ... কলাম ... ১৬ ...

### সরকারি প্রাথমিক বিদ্যালয়ে টিফিন বিতরণের বিষয়টি বিবেচনা করা হচ্ছে

প্রাথমিক শিক্ষার সামগ্রিক মান উন্নয়ন, বিশেষ করে বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাজিরা বৃদ্ধিকল্পে সরকার প্রাথমিক পর্যায়ে পরীক্ষামূলকভাবে এক শিফট বিশিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে টিফিন বিতরণের বিষয়টি বিবেচনা করছে।

১৩ই সেপ্টেম্বর হোটেল পূর্বানীতে অনুষ্ঠিত দিনব্যাপী কর্মশালা উদ্বোধনকালে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব প্রফেসর (ডা.) তাহমিনা হোসেন এ তথ্য প্রকাশ করেন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীনে ব্রিটিশ সরকারের অর্থানুকূলে বাস্তবায়নরত এসটিম প্রকল্পের উদ্যোগে আয়োজিত এ কর্মশালায় শিক্ষার্থীদের অভিভাবক, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা ও বিশিষ্ট শিক্ষাবিদগণ যোগদান করেন।

কর্মশালায় অংশগ্রহণকারীকে উদ্দেশ্য করে প্রফেসর তাহমিনা হোসেন বলেন, প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের সঙ্গে জড়িত চিহ্নিত বিশেষ সমস্যাবলির মধ্যে রয়েছে বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাজিরার নিয়ন্ত্রণ, শিক্ষার্থীদের ঝরে পড়ার উচ্চহার, দরিদ্র পিতা-মাতার সন্তানদের মধ্যে উচ্চ অপুষ্টি হার, শিক্ষার প্রান্তিক যোগ্যতার নিয়ন্ত্রণ ইত্যাদি। সংবাদ বিজ্ঞপ্তি।